দৈনিক ইনকিলাব

তারিখ ... 25 JUL 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪

79

২২

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে ছাত্র নেতাদের বৈঠক

চট্টগ্রাম, ২৪ জুলাই (ইউএনবি)।— ইসলামী ছাত্র শিবির ছাড়া সবগুলো ছাত্র সংগঠন ক্যাম্পাসে শান্তি-শৃঙ্খলা ও শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উদ্যোগকে সর্বাত্মক সমর্থনদানের অঙ্গীকার করেছে। আজ সকালে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের কার্যালয়ে হল প্রভোস্টগণও প্রক্টরের সাথে এক বৈঠককালে ছাত্র নেতৃবৃন্দ এই সহযোগিতার আশ্বাস দেন।

বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জাতীয়তাবাদী ছাত্র দল বাংলাদেশ ছাত্র লীগ (আ-অ), বাংলাদেশ ছাত্র লীগ (না-শ), জাতীয় ছাত্র লীগ,

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টসহ প্রধান প্রধান ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এ বৈঠকে অংশগ্রহণ করেন। শুধু ইসলামী ছাত্র শিবির লিখিতভাবে এ আমন্ত্রণ প্রত্যাখ্যান করে বলেছে, "ক্যাম্পাসে শান্তি-শৃঙ্খলা ও শিক্ষার পরিবেশ' ফিরিয়ে আনতে এ ধরনের বৈঠক নিতান্তই গুরুত্বহীন।"

এক সংবাদ বিজ্ঞপ্তিতে শিবির এ বৈঠককে "একটি প্রহসন ও উদ্দেশ্য প্রণোদিত" বলে অভিহিত করেছে। শিবিরের ভাষায় এ বৈঠকে "সন্ত্রাসীরা অংশগ্রহণ করেছে।"

অন্যদিকে আজকের বৈঠকে অংশগ্রহণকারী নেতৃবৃন্দ ক্যাম্পাসে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে কর্তৃপক্ষের নেয়া সাম্প্রতিক পদক্ষেপের প্রশংসা করেছেন। তারা এ ব্যাপারে কর্তৃপক্ষকে সর্বাত্মক সহযেগিতাদানের আশ্বাস দেন।

এদিকে বিশ্ববিদ্যালয় খোলার পর ৮ম দিন অতিবাহিত হলেও কোন ক্লাস হয়নি। শিবির বিশ্ববিদ্যালয়ের ভিসি'র পদত্যাগের দাবীতে আজ ৫ম দিনের মত সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত ভিসি'র কার্যালয়ে ঘেরাও কর্মসূচী পালন করেছে।